কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
সাধারণ পরিচর্যা বিভাগ
www.badc.gov.bd

নম্বর: ১২.০৬.০০০০.০০০.২০৬.৯৯.০০১১.২৬.৪৯৩/২

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

গত ২৭ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র কর্মচারী আবাসন বরাদ্দ কমিটি'র সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক বিএডিসি কর্মচারী আবাসন (প্লট- ২৬, দারুস সালাম রোড, পাইকপাড়া, মিরপুর-১, ঢাকা)-এ নিম্নোক্ত কর্মচারীগণের স্ব-স্ব নামের পাশে বর্ণিত বাসা বরাদ্দ প্রদান করা হলো:

ক্র.ন.	কর্মচারীর নাম	পদবি	কর্মস্থল	নতুনভাবে বরাদ্দকৃত বাসা	মন্তব্য
১.	জনাব মো: আনোয়ার হোসেন	সহ. প্রশাসনিক কর্মকর্তা	মনিটরিং বিভাগ	এ-৫/৬ (৩য় তলা)	
২.	জনাব মো: এমদাদুল হক	ইলেকট্রিশিয়ান	সহ. প্রকৌ. (ক্ষুদ্রসেচ/ল্যাব), সেচ ভবন	এ-৪/৮ (৪র্থ তলা)	
৩.	জনাব মো: জিয়াউল কবির	ইলেকট্রিশিয়ান	নির্মাণ বিভাগ	এ-৪/১২ (নিচ তলা)	
৪.	জনাব এমদাদুল হক	অফিস সহ. কাম কম্পিউটার অপা.	সাধারণ পরিচর্যা বিভাগ	এ-৫/১০ (৫ম তলা)	
৫.	জনাব মাজহারুল ইসলাম	অফিস সহ. কাম কম্পিউটার অপা.	সার ব্যবস্থাপনা বিভাগ	এ-৪/১৫ (৩য় তলা)	
৬.	জনাব মো: রানা	অফিস সহ. কাম কম্পিউটার অপা.	অতি. প্র.প্রকৌ. (ক্ষদ্রসেচ) পশ্চিমাঞ্চল।	এ-৫/২০ (৫ম তলা)	

০২. শর্তাবলী:

(ক) বাসা নতুনভাবে বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ আগামী ০১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে বাসা বুঝে নিবেন এবং সংশ্লিষ্ট বাসায় নিজে বসবাস করবেন। নির্ধারিত সময়ের মধ্যে বাসা বুঝে না নিলে বাসা বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট বাসায় নিজে বসবাস করবেন মর্মে প্রত্যয়নপত্র সাধারণ পরিচর্যা বিভাগে দাখিল করবেন। কোন ব্যক্তির নিকট কোনভাবেই আংশিক বা সম্পূর্ণ বাসা ভাড়া দিতে পারবেন না। বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ নিজে বসবাস না করে ভাড়া দিয়েছেন অথবা বরাদ্দ নীতিমালা শর্তের পরিপন্থী কাজ করেছেন বলে প্রমাণিত হলে বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং সংস্থার প্রচলিত বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এজন্য আলাদাভাবে কোন নোটিশ ইস্যু করা হবে না;

(খ) বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণের নিকট হতে তাঁদের নামে বরাদ্দকৃত বাসা ভাড়া, বিদ্যুৎ, গ্যাস ও পানির বিলসহ যাবতীয় পাওনাদি বিএডিসি'র প্রচলিত বিধি মোতাবেক কর্তন করা হবে;

(গ) বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ আবাসনে অবস্থানকালীন আবাসন ও অন্য কোন ফ্ল্যাট বা বসবাসকারীর কোনরূপ ক্ষতিসাধন করলে সংস্থার প্রচলিত বিধি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীর নিকট হতে ক্ষতিপূরণ আদায়সহ তাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঘ) বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ অনুমোদন ব্যতীত আবাসনে কোন প্রকার নির্মাণ ও বৈদ্যুতিক কাজ করতে পারবেন না;

(ঙ) নিয়োগপত্রের শর্তানুযায়ী চাকরির অবসান হলে স্বাভাবিকভাবেই এই বরাদ্দ বাতিল বলে গণ্য হবে; এবং

(চ) বাসা নতুনবরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ আগামী ১(এক) বছরের মধ্যে বাসা পরিবর্তন করতে পারবেন না;

(ছ) সংস্থার প্রয়োজনে এ বাসা বরাদ্দ বাতিল/পরিবর্তিত হতে পারে।

০৩. সংস্থার স্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৯/১০/২০২৬

(মো: আবুল কালাম আজাদ)
যুগ্মপরিচালক
সাধারণ পরিচর্যা বিভাগ
বিএডিসি, ঢাকা
ও
সদস্য সচিব, আবাসন বরাদ্দ কমিটি।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বিতরণ- কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)::

১. ---------- সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, বিএডিসি, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৩. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৪. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
৬. সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্য.দা. শাখা), হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
৭. সচিব, বিএডিসি মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৮. জনাব ---------- বাসা নম্বর ---------- (নির্ধারিত তারিখের মধ্যে বরাদ্দকৃত বাসার দখল বুঝে নিবেন)।
৯. সহকারী পরিচর্যা কর্মকর্তা, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা।
১০. অফিস কপি/মাস্টার ফাইল।